যুগান্তর
তারিখ .......
পৃষ্ঠা ৫ কলাম ৬
SEP. 10 2002

# সেশনজটে শাহ জালাল বিশ্ববিদ্যালয়

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অত্যন্ত সুনামের সঙ্গে শিক্ষা কার্যক্রম শুরু করেছিল। বর্তমানে সেই চিত্র আর নেই। সেমিস্টার পদ্ধতি চালু করার পর থেকেই শাবিপ্রবির শিক্ষার গতি ধীরে ধীরে মুখ থুবড়ে পড়েছে। ইঞ্জিনিয়ারিং এবং অনার্স ৪ বছরের কোর্স ৮ সেমিস্টারে শেষ হয়। অর্থাৎ প্রতি শিক্ষাবর্ষে দুটি সেমিস্টার শেষ হওয়ার কথা। কিন্তু এখানে বছরে মাত্র একটি সেমিস্টার শেষ হয়। গত সেমিস্টার শুরু হয়েছে ২০০১ সালের এপ্রিল মাসে, সম্পন্ন হয়েছে ২০০২-এর মার্চ মাসে। এখানে জট প্রকট আকার ধারণ করেছে। বর্তমানে ১ম বর্ষে দুই ব্যাচ, ২য় বর্ষে দুই ব্যাচ, ৩য় ও ৪র্থ বর্ষে এক ব্যাচ করে মোট ৬ ব্যাচ ছাত্রছাত্রী রয়েছে। ফলে ক্লাস রুম, হলের সিট, যাতায়াত বাসের সংকট প্রকট আকার ধারণ করেছে। সেমিস্টার পদ্ধতির মূল শর্ত নিয়মিত ক্লাস, সব ছাত্রছাত্রীর সম্পূর্ণ আবাসিক ব্যবস্থা করা। শাবিতে ৪ হাজার ছাত্রছাত্রীর জন্য মাত্র ২টি ছাত্র হল এবং ১টি ছাত্রী হল রয়েছে। অধিকাংশ ছাত্রছাত্রীকে অত্যন্ত কষ্ট করে মেসে থেকে ক্যাম্পাসে যাতায়াত করতে হয়। তথ্যপ্রযুক্তির যুগে অন্যতম অবদান রাখা শাবিপ্রবির সেশনজট নিরসনে যথাযথ ব্যবস্থা গ্রহণের এখনই উপযুক্ত সময়।

**নাম প্রকাশে অনিচ্ছুক**